

RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2017

SECOND YEAR (BATCH 2016-19)

PHILOSOPHY (Honours)

Date : 12/12/2017

Time : 11am - 3pm

Paper : III

Full Marks : 100

(প্রত্যেক বিভাগের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার কর)

বিভাগ-ক

- ১। যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও : (২ × ৫)
- ক) প্লেটোর মতে প্রকৃত জ্ঞানের লক্ষণ কি?
- খ) প্লেটোর ধারণাবাদ বা আকারবাদের বিরুদ্ধে অ্যারিস্টটল প্রদত্ত যে কোন দুটি যুক্তি ('তৃতীয় মানব' যুক্তি ভিন্ন) আলোচনা করো।
- গ) 'সত্য বিশ্বাস জ্ঞান নয়'— প্লেটোকে অনুসরণ করে ব্যাখ্যা কর।
- ঘ) 'জগতের সব কিছুর চূড়ান্ত পরিকল্পনাকারী রূপে (Final Designer) ঈশ্বর অস্তিত্বশীল'— অ্যাকুইনাসকে অনুসরণ করে ব্যাখ্যা কর।
- ২। যেকোন একটি প্রশ্নের উত্তর দাও : (১ × ১৫)
- ক) i) কারণ বিষয়ে অ্যারিস্টটলের বক্তব্য আলোচনা কর। (১০)
ii) আধুনিক বিজ্ঞানের বক্তব্যের সঙ্গে অ্যারিস্টটলের বক্তব্যের পার্থক্য কোথায়? আলোচনা কর। (৫)
- খ) i) দেখাও কিভাবে প্লেটো জ্ঞান ও বিশ্বাসের মধ্যে পার্থক্য করার জন্য গুহার উপমা ব্যবহার করেছেন। (৫)
ii) প্লেটোর ধারণাতত্ত্বের পক্ষে আনীত দুটি যুক্তি আলোচনা কর। (৫)
iii) অ্যারিস্টটলের 'তৃতীয় মানব' যুক্তিটি ব্যাখ্যা কর। (৫)
- ৩। যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও : (২ × ৫)
- ক) 'আমি চিন্তা করি, অতএব, আমি আছি।'— এই বচনটি কি ন্যায় অনুমান? আলোচনা কর।
- খ) স্পিনোজাকে অনুসরণ করে দ্রব্য ও গুণের সম্পর্ক আলোচনা কর।
- গ) দেকার্ত কি একজন সংশয়বাদী? দেকার্তের দার্শনিক পদ্ধতি আলোচনা করে এই প্রশ্নের উত্তর দাও।
- ঘ) লাইবনিজকে অনুসরণ করে মনাদের লক্ষণগুলি আলোচনা কর।
- ৪। যেকোন একটি প্রশ্নের উত্তর দাও : (১ × ১৫)
- ক) দেকার্তকে অনুসরণ করে ঈশ্বরের অস্তিত্বের পক্ষে যুক্তিগুলি বিচারপূর্বক আলোচনা কর।
- খ) i) লাইবনিজকে অনুসরণ করে মনাদ তত্ত্ব ব্যাখ্যা করো। (১০)
ii) এই প্রসঙ্গে পূর্বপ্রতিষ্ঠিত শৃঙ্খলাতত্ত্ব আলোচনা করো। (৫)

বিভাগ-খ

- ৫। যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও : (২ × ৫)
- ক) নিরপেক্ষ বচনের অস্তিত্বমূলক তাৎপর্য বলতে কী বোঝায়? সংক্ষেপে ব্যাখ্যা কর।
- খ) সত্যতা ও বৈধতার মধ্যে সম্পর্ক কী?
- গ) নিরপেক্ষ বচনের সাবেকী ও বুলীয় ভাষ্যের মধ্যে পার্থক্য কী কী?
- ঘ) অ) পদের ব্যাপ্যতা বলতে কী বোঝায়? (২)
আ) নিম্নলিখিত বাক্যটির আবর্তন ও বিবর্তন কর: (৩)
“কেবলমাত্র মানুষই স্বার্থপর”
- ৬। যেকোন একটি প্রশ্নের উত্তর দাও : (১ × ১৫)
- ক) অ) অমিশ্র প্রাকল্পিক ন্যায় ও মিশ্র প্রাকল্পিক ন্যায়ের পার্থক্য উদাহরণসহ ব্যাখ্যা কর। কখন মিশ্র প্রাকল্পিক ন্যায় অবৈধ হয়? দৃষ্টান্ত দাও। (৬+৬)
আ) জটিল গঠনমূলক দ্বিকল্প ন্যায়ের আকার দেখাও। (৩)
- খ) অ) ভেনচিত্রের সাহায্যে বৈধতা বিচার কর (যে কোনো তিনটি) (৪+৪+৪)
i) EIO — 2nd Fig

- ii) সকল কবি দার্শনিক, কেননা কেবলমাত্র কবিরাই কল্পনাপ্রবণ এবং সকল দার্শনিক কল্পনাপ্রবণ।
- iii) উপস্থিত ব্যক্তিদের কেউই কর্মহীন নয়। কোন সদস্য অনুপস্থিত নয়। সুতরাং সকল সদস্য কর্মে নিযুক্ত।
- iv) কোন কোন শিশু বিবেচক নয়, কারণ সব শিশুরাই আত্মকেন্দ্রিক, আর কোন আত্মকেন্দ্রিকই বিবেচক নয়।

আ) নিম্নলিখিত বাক্যগুলির বুলীয় ভাষ্য দাও এবং তাদের ভেনচিত্রে ব্যক্ত কর:

(৩)

- i) এমন কেউ নেই যে বুদ্ধিমান অথচ অলস।
- ii) সাদা হাতী আছে।

৭। যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও :

(২ × ৫)

- ক) উপমা যুক্তি ও লৌকিক আরোহ অনুমানের পার্থক্য কী?
- খ) আবশ্যিক শর্ত ও পর্যাপ্ত শর্তের মধ্যে পার্থক্য উদাহরণসহ ব্যাখ্যা কর।
- গ) ঠেকো প্রকল্প কী?
- ঘ) বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক ব্যাখ্যার মধ্যে পার্থক্য নির্ণয় কর।

৮। যেকোন একটি প্রশ্নের উত্তর দাও :

(১ × ১৫)

- ক) সহপরিবর্তন পদ্ধতি ব্যাখ্যা ও বিচার কর।
- খ) অ) সম্ভাব্যতা গণনার পূর্বতঃসিদ্ধ তত্ত্বটি কী?
- আ) নিম্নলিখিত যেকোন তিনটির সম্ভাব্যতা গণনা কর:
 - i) একটি মুদ্রা চারবার নিক্ষেপ করলে চারবারই হেড পড়ার সম্ভাব্যতা কত?
 - ii) এক ডাক্তারের চেম্বারে পাঁচটি দরজা। চারজন রুগী একই সময়ে তাঁর চেম্বারে এলেন। চারজন একই দরজা দিয়ে তাঁর চেম্বারে প্রবেশ করবেন — এ ঘটনার সম্ভাব্যতা কত?
 - iii) একটি তাসের বাউল থেকে তিনটি তাস তুললে তিনটিরই ইস্কাপন হওয়ার সম্ভাব্যতা কত, যদি তোলা তাস ফেরৎ দেওয়া না হয়?
 - iv) একটি পাত্রে আছে ৯টি সাদা বল ও ৬টি কালো বল। পাত্র থেকে দুটি বল তুললে দুটিরই এক রংয়ের হওয়ার সম্ভাব্যতা কত যদি (ক) তোলা বল ফেরৎ দেওয়া হয়, (খ) তোলা বল ফেরৎ দেওয়া না হয়।

English Version :

(Use a separate Answer book for each group)

Group – A

1. Answer **any two** questions of the following: (2 × 5)
 - a) What, according to Plato, is proper knowledge?
 - b) Discuss, after Aristotle, any two arguments (other than 'Third Man' argument) against Plato's theory of idea or form.
 - c) 'True belief is not knowledge' — Explain after Plato.
 - d) 'God exists as the Final Designer of everything of this world.' — Explain after Aquinas.
2. Answer **any one** question of the following: (1 × 15)
 - a) i) Explain Aristotle's view on cause. (10)
 - ii) On what grounds modern science differs from Aristotle's view of causality. (5)
 - b) i) Show how Plato has used the analogy of 'The cave' to distinguish between knowledge and belief. (5)
 - ii) Explain any two arguments in favour of Plato's theory of Idea. (5)
 - iii) Explain Aristotle's 'Third Man' argument. (5)
3. Answer **any two** questions of the following: (2 × 5)
 - a) 'I think, therefore, I am.' — Is this a syllogism? Explain.
 - b) Explain, after Spinoza, the relation between substances and attribute.
 - c) Is Descartes' sceptic? Discuss Descartes philosophical method to answer this question.

- d) Explain, after Leibniz, the characteristics of monad. (1 × 15)
4. Answer **any one** question of the following: (15)
- a) Critically explain, after Descartes, different proofs for the existence of God. (10)
- b) i) Explain, after Leibniz, the doctrine of monad. (5)
- ii) Discuss, in this context, the theory of pre-established harmony. (5)

Group – B

5. Answer **any two** questions of the following: (2 × 5)
- a) What is meant by existential import of categorical proposition? Explain briefly.
- b) What is the relation between truth and validity?
- c) What are the differences between the traditional and Boolean interpretation of categorical propositions?
- d) i) What is meant by distribution of terms? (2)
- ii) Convert and obvert the following: (3)
- only men are selfish.
6. Answer **any one** question of the following: (1 × 15)
- A) i) Explain with illustrations the distinction between pure hypothetical syllogism and mixed hypothetical syllogism. When is a mixed hypothetical syllogism invalid? Give examples. (6+6)
- ii) Show the form of a complete constructive dilemma. (3)
- B) a) Test the validity by means of Venn diagram (any Three): (4+4+4)
- i) EIO — 2nd Fig
- ii) All poets are philosophers, because only poets are imaginative and all philosophers are imaginative.
- iii) No one present is out of work. No members are absent. Therefore, all members are employed.
- iv) some children are not considerate, since all children are egoists and no egoists are considerate.
- b) Give the Boolean notation of the following and represent them by Venn Diagram: (3)
- i) There is no one who is intelligent but idle.
- ii) There are white elephants.
7. Answer **any two** questions of the following: (2 × 5)
- a) What is the difference between argument by analogy and induction by simple enumeration.
- b) Distinguish between necessary and sufficient conditions with examples .
- c) What is adhoc hypothesis?
- d) Distinguish between scientific and unscientific explanations.
8. Answer **any one** question of the following: (1 × 15)
- A) Explain and examine the method of concomitant variations. (15)
- B) a) what is the apriori theory of probability? (3)
- b) Compute the probability of the following (any Three) : (3×4)
- i) What is the probability of getting four heads in four tosses of a coin?
- ii) A doctor's chamber has five doors. Four patients came to the chamber at the same time. What is the probability that all four of them will enter into the chamber by the same door?
- iii) If three cards are drawn from a pack of cards what is the probability that all of them will be spades if the cards drawn are not replaced?
- iv) An urn contains 9 white balls and 6 black balls. If two balls are drawn from the urn what is the probability that they will be of the same colour if (a) the balls are replaced? , (b) if not replaced?